বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ
বিজ্ঞপ্তি

নং শা-৭/২৬৯/সংস্থাপন

তারিখঃ ০১.১০.২০২৬

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন অনুষদ/বিভাগ/শাখায় কর্মরত, শিক্ষক, কর্মকর্তা ও নিয়মিত কর্মচারীদের মধ্যে যাঁরা বিশ্ববিদ্যালয় চত্বরে বাসা বরাদ্দ পেতে আগ্রহী এবং যাঁরা বর্তমান বাসা অপেক্ষা উন্নতমানের/টাইপের বাসা বরাদ্দ পেতে ইচ্ছুক, তাদের নিকট হতে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে ৩০.০৬.২০২৬ তারিখ পর্যন্ত অর্জিত পয়েন্ট গণনা পূর্বক এবং নিম্নে উল্লেখিত তথ্যাবলী অনুসরণ করে, এ অফিস হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে নতুনকরে দরখাস্ত আগামী ১৫.১০.২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে দাখিল করার জন্য অনুরোধ জ্ঞাপন করা যাচ্ছে। এখানে বিশেষভাবে উল্লেখ্য, কর্মচারীদের আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগ/শাখা প্রধান কর্তৃক প্রতি-স্বাক্ষরিত হতে হবে এবং ইতোপূর্বে দাখিলকৃত সকল আবেদন অকার্যকর বলে গণ্য হবে।

প্রসংগত নিম্নলিখিত তথ্যাবলীর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো ঃ-

১। বাসা বরাদ্দের জন্য ১৫.১০.২০২৬ নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

২। বাসা বরাদ্দের জন্য বাসার পছন্দক্রম সঠিক এবং স্পষ্টভাবে লিখতে হবে (খালি বাসার তালিকা সংযুক্ত)। নির্ধারিত তারিখের (১৫.১০.২০২৬) পর পছন্দক্রম সংশোধন করা যাবে না।

৩। কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী বিদেশে ছুটিতে বা ডেপুটেশনে থাকা অবস্থায় বাসা বরাদ্দের জন্য আবেদন করতে পারবে না বা আবেদন করলেও সেই আবেদন বাসা বরাদ্দের জন্য বিবেচনায় নেয়া হবে না। তবে ২০২৬ সনে পবিত্র হজব্রত পালনরত অবস্থায় ছুটিতে থাকলে তাঁদের আবেদন বিবেচনা করা যেতে পারে ।

৪। বিধি মোতাবেক কোন আবেদনকারী বাসা বরাদ্দের দুই বছরের মধ্যে একই টাইপের বাসা পরিবর্তনের নিমিত্ত আবেদন করতে পারবে না ।

৫। কমিটি কর্তৃক বরাদ্দকৃত খালি বাসাটি আদেশনামা ইস্যুর ১৫ (পনের) দিনের মধ্যে এষ্টেট অফিসার মহোদয়ের নিকট হতে বুঝে নিতে হবে। নতুন বরাদ্দকৃত বাসা বুঝে নেয়ার ২ (দুই) মাসের মধ্যে দখল গ্রহণ করতে হবে এবং পূর্বের বরাদ্দকৃত বাসা (যদি থাকে) সম্পূর্ণ খালি অবস্থায় এষ্টেট অফিসার মহোদয়ের নিকট বুঝিয়ে দিতে হবে। অন্যথায়, নতুন বরাদ্দকৃত খালি বাসাটি আপনা আপনি বাতিল বলে গণ্য হবে এবং বরাদ্দাদেশ ইস্যুর তারিখ হতে ৬ (ছয়) মাস সময়কাল পর্যন্ত কক্ষ/বাসা বরাদ্দের কোন আবেদন বিবেচিত হবে না।

৬। আবেদনকারী সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, আবেদন ফরম পূরণের সময় পয়েন্ট গণনায় x বলতে কেবলমাত্র শিক্ষকদের বেলায় এডহক (যদি থাকে) চাকুরীকালের মাস গণনা করা হবে এবং কর্মকর্তাদের বেলায় ৩য় শ্রেণীর কর্মচারী হিসেবে চাকুরীকালের মাস গণনা যোগ্য হবে।

৭। বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে আবেদনকারীদের পূর্বের বাসা ও গ্যারেজ বরাদ্দের সকল আবেদন অর্কাযকর বলে গণ্য হবে।

৮। শিক্ষক, কর্মকর্তা এবং তৃতীয় শ্রেণী কর্মচারীগণ পূরণকৃত নির্ধারিত ফরমের মূলকপি এবং সেলারি সীটের (৩০.০৬.২০২৬ তারিখের পূর্বের) ফটোকপি/অনুলিপি এবং চাকুরিতে যোগদান ও উচ্চতর পদে যোগদান (পদোন্নতি)-এর আদেশনামার ফটোকপি/অনুলিপি এবং চতুর্থ শ্রেণী কর্মচারীগণ পূরণকৃত নির্ধারিত ফরমের মূলকপি এর সাথে শুধুমাত্র চাকুরিতে যোগদান এর আদেশনামা ও ফটোকপি/অনুলিপি রেজিস্ট্রার অফিস (সংস্থাপন-৭)-এ জমা দিতে হবে।

৯। অসম্পূর্ণ আবেদনপত্র/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বাঃ/-রেজিস্ট্রার

মেমো নং শা-৭/২৬৯(১২০)/ সংস্থাপন

তারিখঃ- ০১.১০.২০২৬

সকল অনুষদীয় ডিন, কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষনা কমিটি, ছাত্র বিষয়ক উপদেষ্টা, সভাপতি, আবাসন কমিটি, রেজিস্ট্রার, কোষাধ্যক্ষ, পরীক্ষা নিয়ন্ত্রক, পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, পরিচালক, জিটিআই/বাউরেস/বাউএক/কেন্দ্রীয় ল্যাবরেটরি/সীড প্যাথলজি সেন্টার/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট/কৃষি মিউজিয়াম/পরিবহন শাখা/ভেটেরিনারি টিচিং হাসপাতাল/আইসিটি সেল, সকল বিভাগীয় প্রধান, সকল হলের প্রভোস্ট, প্রোক্টর, লাইব্রেরিয়ান, চীফ মেডিক্যাল অফিসার, প্রধান খামার তত্ত্বাবধায়ক, প্রধান প্রকৌশলী, পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দফতর, পরিচালক, ক্রীড়া প্রশিক্ষণ বিভাগ, এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা), এডিশনাল রেজিস্ট্রার (সংস্থাপন)-২, এডিশনাল/ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন)-১/২/৩/৪/৫/৬, প্রধান যন্ত্র প্রকৌশলী, চীফ মেডিক্যাল অফিসার, হেলথ কেয়ার সেন্টার, চীফ মেডিক্যাল অফিসার , স্বাস্থ্য প্রতিষেধক শাখা, প্রধান নিরাপত্তা কর্মকর্তা, সকল শাখা প্রধান, ভারপ্রাপ্ত কর্মকর্তা, অতিথি ভবন, এডিশনাল রেজিস্ট্রার, পরিষদ বিভাগ, ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর সচিবালয়, মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে, সংস্থাপন শাখা-১ (গার্ড ফাইল)।

01-10-2026
এডিশনাল রেজিস্ট্রার (সংস্থাপন)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ
বিজ্ঞপ্তি

বাকৃবি চত্বরস্থ আবাসিক এলাকার খালি বাসা/গ্যারেজ সমূহের তালিকা নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ

ক্রমিক নং	বাসার টাইপ	বাসার নাম্বার	খালি হওয়ার তারিখ	বাসাটির বর্তমান অবস্থা	মন্তব্য
১.	ডি	৬	২৬.০৭.২০২৬	খালি	
২.	ডি	১২/২		খালি	পূর্বে বরাদ্দ হয়েছিল দখল নেয়নি
৩.	ডি	১৬/২			খালি হবে
৪.	ডি	১ (পূর্ব ইউনিট)	১৮.০৮.২০২৬	খালি	মহিলা ইউনিট
৫.	ডি	৫ (পশ্চিম ইউনিট)			খালি হবে (মহিলা ইউনিট)
৬.	ই	১৪/৩			খালি হবে
৭.	ই	১৫/৬			খালি হবে
৮.	ই	১৬/৫	০৮.০৫.২০২৬	খালি	
৯.	ই	২৭/১	৩০.০৯.২০২৬	খালি	
১০.	ই	৩৭/৪	১৫.০৭.২০২৬	খালি	
১১.	ইফা	১/৪	৩১.০৭.২০২৬	খালি	
১২,	ইফা	২/১১			খালি হবে
১৩.	জি	১/১১	১৫.০৭.২০২৬	খালি	
১৪.	জি	৪/৪	৩০.০৯.২০২৬	খালি	
১৫.	এইচ	৩/১৬	৩০.০৬.২০২৬	খালি	
১৬.	এইচ	৪/১১	৩০.০৬.২০২৬	খালি	
১৭.	এইচ	৪/৪	০৫.০৮.২০২৬	খালি	
১৮.	স্টিলক্স	২/২	৩১.০৮.২০২৬	খালি	
১৯.	কে	১/৭	১৫.০৭.২০২৬	খালি	
২০.	কে	২/৮	২২.০৬.২০২৬	খালি	
২১.	কে	২/৭			খালি হবে
২২.	কে	৩/১০		খালি	পূর্বে বরাদ্দ হয়েছিল দখল নেয়নি
২৩.	লেবার শেড	৫	৩১.০১.২০২৬	খালি	
২৪.	লেবার শেড	১	৩০.০৬.২০২৬	খালি	
২৫.	কর্মচারী ব্যাচেলর কোয়ার্টার	৯ নং কক্ষের ১ টি সিট	০১.০৭.২০২৬		
২৬.	কর্মচারী ব্যাচেলর কোয়ার্টার	১৩ নং কক্ষের ১ টি সিট	৩১.০৭.২০২৬		
২৭.	গ্যারেজ	গ-১৯	৩০.০৯.২০২৬	খালি	

07.10.2026